



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কাউন্সিলিং কমিটির প্রথম সভা অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে কাউন্সিলিং করার জন্য কাউন্সিলিং কমিটির প্রথম সভা ১৫ নভেম্বর ২০২১-সোমবার উপাচার্যের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হকের সভাপতিত্বে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, কমিটির আহবায়ক মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নূর মোহাম্মাদ এবং অন্যান্য সদস্যবৃন্দ সহ সকল অনুষদের ডিন, ইনস্টিটিউটসমূহের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, রেজিস্ট্রার উপস্থিত ছিলেন।





জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



উল্লেখ্য সভায় মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক তার প্রেজেন্টেশনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে কিভাবে শিক্ষার্থীদের কাউন্সিলিং সেবা প্রদান করা যায় তার পরিকল্পনা তুলে ধরেন এবং সকলের গুরুত্বপূর্ণ মতামত গ্রহণ করেন।